

## মুজিবনগর সরকারের আত্মপ্রকাশ

### ১১ এপ্রিল, ১৯৭১ জাতির উদ্দেশে প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের ভাষণ ও মন্ত্রিপরিষদ গঠন

১৯৭১'র ১০ এপ্রিল স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠনের পরদিন ১১ এপ্রিল জাতির উদ্দেশে এক বেতার ভাষণ দেন প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ। এদিন তিনি বেতারে খন্দকার মোশতাক আহমেদ, এম মনসুর আলী ও এএইচএম কামরুজ্জামানকে মন্ত্রী করে স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ গঠনেরও ঘোষণা দেন। একই দিনে স্বাধীন বাংলাদেশের সরকার তৎকালীন কর্নেল (অব.) এমএজি ওসমানীকে মুজিব বাহিনীর প্রধান সেনাপতি নিযুক্ত করে। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে জাতির উদ্দেশে দেওয়া দীর্ঘ ও প্রথম ভাষণে প্রধানমন্ত্রী তাজউদ্দিন বলেন, স্বাধীন বাংলাদেশের বীর ভাই বোনরা বাংলাদেশের সাড়ে সাত কোটি মুক্তিপাগল গণমানুষের নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার সরকারের পক্ষ থেকে আমি আপনাদের আমার সংগ্রামী অভিনন্দন জানাচ্ছি। আমরা শ্রদ্ধাভরে স্মরণ করছি তাদের যারা বাংলাদেশের স্বাধীনতা রক্ষা করতে গিয়ে তাদের মূল্যবান জীবন আহুতি দিয়েছেন। যতদিন বাংলার আকাশে চন্দ্র,সূর্য,গ্রহ,তারা রইবে, যতদিন বাংলার মাটিতে মানুষ থাকবে, ততদিন মাতৃভূমির স্বাধীনতা রক্ষার সংগ্রামের বীর শহীদদের স্মৃতি বাঙালির মানসপটে চির অম্লান থাকবে। ২৫ মার্চ মাঝরাতে ইয়াহিয়া খান তার রক্তলোলুপ সাঁজোয়া বাহিনীকে বাংলাদেশের নিরস্ত্র মানুষের ওপর লেলিয়ে দিয়ে যে নরহত্যাযজ্ঞ করেন করেন তা প্রতিরোধ করার আহবান জানিয়ে আমাদের প্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা ঘোষণা করেছেন। তাজউদ্দিন আহমদ তার ভাষণের শেষে বলেন- যারা আজ রক্ত দিয়ে উর্বর করছে বাংলাদেশের মাটি, যেখানে উৎকর্ষিত হচ্ছে স্বাধীন বাংলাদেশের নতুন মানুষ। তাদের রক্ত আর ঘামে ভেজা মাটি থেকে গড়ে উঠুক নতুন গণতান্ত্রিক সমাজব্যবস্থা, গণমানুষের কল্যাণে সাম্য আর সুবিচারের ভিত্তিপ্ৰস্তরে লেখা হোক 'জয় বাংলা', 'জয় স্বাধীন বাংলাদেশ।' সূত্র: হাসান হাফিজুর রহমান সম্পাদিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র তৃতীয় খণ্ডে প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের বেতার ভাষণ।